

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd



নং-৪৬.০০.০০০০.০৪২.২২.০০১.১৭-২০৬২

তারিখ: ২৪ ডিসেম্বর ২০২০

বিষয়: ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) এর মাধ্যমে জেলা পরিষদের আওতাধীন আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী মন্ত্রণালয় পর্যায়ে অনুমোদনযোগ্য কার্য ও ভৌতসেবা ক্রয় সংক্রান্ত “দরপত্র উন্মুক্তকরণ কমিটি” এবং “দরপত্র মূল্যায়ন কমিটি” গঠন সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা এর ১৪/০৯/২০২০ তারিখের ৭১১নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসহ স্মারকের পরিপ্রেক্ষিতে ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) এর মাধ্যমে জেলা পরিষদের আওতাধীন আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী মন্ত্রণালয় পর্যায়ে অনুমোদনযোগ্য কার্য ও ভৌতসেবা ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণ এবং দরপত্র মূল্যায়নের জন্য Bangladesh Electronic Government procurement (e-GP) Guideline, 2011 এর Appendix-2 এর SN. 3 এবং 4 অনুযায়ী নিম্নরূপ “দরপত্র উন্মুক্তকরণ কমিটি” এবং “দরপত্র মূল্যায়ন কমিটি” নির্দেশক্রমে গঠন করা হলো:

ক. দরপত্র মূল্যায়ন কমিটি:

ক্র:নং	পদবী	কমিটিতে অবস্থান
০১.	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব (অবর্তমানে প্রধান নির্বাহী কর্মকর্তা), সংশ্লিষ্ট জেলা পরিষদ	সভাপতি
০২.	সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী. এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা	সদস্য
০৩	সহকারী প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী (অবর্তমানে জ্যেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী), সংশ্লিষ্ট জেলা পরিষদ)	সদস্য-সচিব

বিশেষ দ্রষ্টব্য: দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি ইজিপি সিস্টেমে দরপত্র মূল্যায়ন প্রতিবেদন জেলা পরিষদ চেয়ারম্যান (HOPE) এর নিকট উপস্থাপন করবেন।

কমিটির কর্মপরিধি:

- দরপত্র পরীক্ষা ও মূল্যায়ন করা;
- সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা;
- মূল্যায়ন প্রতিবেদন পিপিআর-২০০৮ এর বিধি-৩৬ মোতাবেক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা;
- Pre-Qualification Application মূল্যায়নপূর্বক সুপারিশসহ বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা (প্রযোজ্য ক্ষেত্রে)।


খ. দরপত্র উন্মুক্তকরণ কমিটি:

মূল্যায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব দরপত্র উন্মুক্তকরণ কমিটিতেও যথাক্রমে সভাপতি ও সদস্য সচিব হিসেবে কাজ করবে।

কমিটির কর্মপরিধি:

দরপত্র উন্মুক্তকরণ কমিটি e-GP Portal এ বর্ণিত ধাপসমূহ যথাযথ অনুসরণ করে দরপত্র উন্মুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

- যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন:৯৫৭৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

- চেয়ারম্যান, জেলা পরিষদ, জেলা (সকল)।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জেলা (সকল)।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা (সংশ্লিষ্ট)।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, জেলা (সংশ্লিষ্ট)।
- ৮। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, জেলা (সকল)।
- ৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।